

সদয় দৃষ্টি আকর্ষণ : সম্পাদক
সকল জাতীয় দৈনিক

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো) এর নিম্নোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার স্বনামধন্য পত্রিকায় প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন বিশেষ ভাবে অনুরোধ করা হল।

ধন্যবাদান্তে,

প্রকৌঃ গাজী শাহরিয়ার পারভেজ
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), অঃ দাঃ

ডেসকো কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন।

১৭ মার্চ ২০২১ তারিখে ডেসকো কর্তৃক বর্ণাড আয়োজনের মাধ্যমে যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন করা হয়।

১৭ মার্চ প্রত্যুষে ডেসকো'র প্রধান কার্যালয়সহ সকল দপ্তরে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। নির্বাহীপরিচালক মহোদয়গণ এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণকে নিয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ডেসকো'র প্রধান কার্যালয়ের মুজিবকর্ণারে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ডেসকো'র প্রধান কার্যালয়ে আলোচনাসভা ও দোয়ামাহফিলের আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন ডেসকো'র ব্যবস্থাপনা পরিচালক মোঃ কাওসার আমীর আলী। সভায় বিদ্যুৎ বিভাগের যুগ্মসচিব ও ডেসকো'র নির্বাহীপরিচালক (প্রশাসন ও এইচআর) মোঃ মাহমুদুল হাসান সহ অন্যান্য নির্বাহীপরিচালকগণ এবং বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন। সভায় জাতির পিতার জীবনাদর্শ ও কর্মকান্ডের বিভিন্ন দিক তুলে ধরে জাতীয় জীবনের সর্বক্ষেত্রে জাতির পিতার আদর্শ বাস্তবায়নের মাধ্যমে দেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করা হয়।

এছাড়া, জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ডেসকো'র পক্ষহতে ১৭ মার্চ নিকুঞ্জস্থ মাদ্রাসা-ই-নুরিয়া ও এতিমখানায় পবিত্র কোরআন খতম ও দোয়ার আয়োজন এবং এতিমদের মাঝে উন্নতমানের খাবার বিতরণ করা হয়।

সংযুক্তিঃ ছবি।